

💵 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৯১৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ৯১৪]

পর্ব-১১: সালাত শুরু করা (كِتَابُ الْإِفْتِتَاح)

পরিচ্ছেদঃ ২৬: "আপনাকে সাব'আ মাসানী ও কুরআন 'আযীম দিয়েছি"-এর ব্যাখ্যা

تأويل قول الله عز وجل ولقد آتيناك سبعا من المثاني والقرآن العظيم

আরবী

أَخْبَرَنَا إِسْمَاعِيلُ بْنُ مَسْعُودٍ قال: حَدَّتَنَا خَالِدٌ، قال: حَدَّتَنَا شُعْبَةُ، عَنْ خُبَيْبِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ قال: سَمِعْتُ حَفْصَ بْنَ عَاصِمٍ يُحَدِّثُ، عَنْ أَبِي سَعِيدِ بْنِ الْمُعَلَّى، أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَرَّ بِهِ وَهُوَ يُصلِّي فَدَعَاهُ قَالَ: فَصلَّيْتُ، ثُمَّ أَتَيْتُهُ فَقَالَ: مَا مَنَعَكَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مَرَّ بِهِ وَهُو يُصلِّي فَدَعَاهُ قَالَ: فَصلَّيْتُ، ثُمَّ أَتَيْتُهُ فَقَالَ: مَا مَنَعَكَ أَنْ تُجِيبَنِي قَالَ كُنْتُ أُصلِّي قَالَ: أَلَمْ يَقُلِ اللَّهُ عَزَّ وَجَلَّ يَأَيُّهَا الَّذِينَ آمَنُوا اسْتَجِيبُوا لِلَّهِ وَلِلرَّسُولِ إِذَا دَعَاكُمْ لِمَا يُحْيِيكُمْ سورة الأنفال آية 24 أَلَا أُعلِّمُكَ أَعْظَمَ سُورَةٍ قَبْلَ أَنْ وَلِلرَّسُولِ إِذَا دَعَاكُمْ لِمَا يُحْيِيكُمْ سورة الأنفال آية 24 أَلَا أُعلِم فَوْلَكَ قَالَ: الْحَمْدُ لِلَّهِ رَبِّ أَنْ أَخْرُجَ مِنَ الْمَسْجِدِ قَالَ: فَذَهَبَ لِيَخْرُجَ قُلْتُ يَا رَسُولَ اللَّهِ قَوْلَكَ قَالَ: الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ هِيَ السَّبْعُ الْمَتَانِي الَّذِي أُوتِيتُ وَالْقُرْآنُ الْعَظِيمُ .

تخریج دارالدعوه: صحیح البخاری/تفسیر الفاتحة ۱ (۳۲۷۳)، تفسیر الأنفال ۳ (۲۲۳۷)، تفسیر الحجر ۳ (۲۷۰۳)، فضائل القرآن ۹ (۵۰۰۸)، سنن ابی داود/الصلاة ۳۵۰ (۱۲۵۸)، سنن ابن ماجه/الأدب ۵۲ (۳۷۸۵)، (تحفة الأشراف: ۱۲۰۲۷)، مسند احمد ۱۲۰۳۰، ۴ (۲۱۱)، سنن الدارمی/الصلاة ۱۷۲ (۱۵۳۳)، فضائل القرآن ۱۲ (۳۲۱۳)، موطا امام مالک/ الصلاة ۸ (۳۷) من حدیث أبی بن کعب (صحیح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 914 _ صحيح

বাংলা

৯১৩. ইসমাঈল ইবনু মাসউদ (রহ.) আবু সাঈদ ইবনুল মু'আল্লা (রাঃ) হতে বর্ণিত। নবী (সা.) তার কাছ



দিয়ে যাওয়ার সময় তাকে ডাকলেন, তিনি তখন সালাত আদায় করছিলেন। তিনি বলেন, আমি সালাত শেষ করে তাঁর নিকট আসলে তিনি বললেন, আমার ডাকে সাড়া দিতে তোমাকে কিসে বাধা দিল? তিনি বললেন, আমি সালাত আদায় করছিলাম। তিনি বললেন, আল্লাহ তা'আলা কি বলেননি, "হে মু'মিনগণ! রসূল যখন তোমাদের এমন কিছুর দিকে ডাকেন যা তোমাদের প্রাণবন্ত করে, তখন আল্লাহ ও রসূলের ডাকে সাড়া দিবে'- (সূরাহ্ আল আনফাল ৮: ২৮)।

মসজিদ হতে বের হওয়ার আগে আমি কি তোমাকে সর্বোকৃষ্ট সূরাহ্ শিক্ষা দিব না? বর্ণনাকারী বলেন, তিনি (সা.) মসজিদ হতে বের হবার উপক্রম হলে আমি বললাম, হে আল্লাহর রসূল! আপনার কথা কি ভুলে গেছেন? তিনি বললেন, "আলহামদু লিল্লা-হি রব্বিল আলামীন" অর্থাৎ সূরা ফাতিহাহ্, এ সাত আয়াত যা বারবার পাঠ করা হয়ে থাকে, যা আমাকে দান করা হয়েছে এবং মহান কুরআন।"

English

26. The Interpretation Of The Saying Of Allah, The Mighty And Sublime: And Indeed, "We Have Bestowed Upon You Seven Of Al-Mathani (Seven Repeatedly-Recited) And The Grand Qur'an"

It was narrated from Abu Sa'eed bin Al-Mu'alla that: The Prophet () passed by him when he was praying, and called him. He said: I finished praying, then I came to him, and he said: 'What kept you from answering me?' He said: 'I was praying.' He said: 'Does not Allah say: O you who believe! Answer Allah (by obeying Him) and (His) Messenger when he calls you to that which will give you life? Shall I not teach you the greatest surah before I leave the masjid?' Then he went to leave, and I said: 'O Messenger of Allah, what about what you said?' He said: All praise and thanks be to Allah, Lord of all that exists. These are the seven oft-recited that I have been given, and the Grand Quran.'

ফুটনোট

সহীহ: বুখারী ৪৬৪৭, ৪৭০৩; আবু দাউদ ১৪৫৮, ইবনু মাজাহ ৩৭৫৮, দারিমী ৩৩৭১, সহীহ আবু দাউদ ১৩১১।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ সা'ঈদ ইবনু মু'আল্লা (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন